

প্রকল্পের সারসংক্ষেপ

ক্রমিক	শিরোনাম	বিবরণ
১)	প্রকল্পের নাম	: Addressing Workers' Rights and Gender Based Violence & Harassments in the Leather and RMG Sectors in Bangladesh.
২)	প্রকল্পের মেয়াদকাল	: ক. শুরু তারিখ : নভেম্বর ০১, ২০২১ খ্রিঃ খ. সমাপ্তির তারিখ : অক্টোবর ৩১, ২০২২ খ্রিঃ
৩)	প্রকল্প অনুমোদনকারী সংস্থা	: এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৪)	প্রকল্প অর্থায়নে/অনুদানকারী সংস্থা	: আমেরিকান সেন্টার ফর ইন্টারন্যাশনাল লেবার সলিডারিটি (সলিডারিটি সেন্টার), ওয়াশিংটন ডিসি, ইউ.এস.এ.
৫)	প্রকল্প এলাকা	: ঢাকা জেলারঃ গুলশান থানাধীন ১৯ নং ওয়ার্ড, উত্তর সিটি কর্পোরেশন; হাজারীবাগ থানাধীন ১৪ নং ওয়ার্ড, দক্ষিণ সিটি কর্পোরেশন এবং সাভার উপজেলার তেতুলঝোড়া ইউনিয়ন;
৬)	প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা	: আমেরিকান সেন্টার ফর ইন্টারন্যাশনাল লেবার সলিডারিটি (সলিডারিটি সেন্টার), বাংলাদেশ কার্যালয়
৭)	পার্টনার এনজিওর তথ্য	: প্রকল্প কার্যক্রমসমূহ বাস্তবায়নে কোন এনজিও পার্টনার হিসাবে অন্তর্ভুক্ত হচ্ছে না।
৮)	উদ্দেশ্যসমূহ	: ১) চামড়া শিল্পে স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশগত ঝুঁকি প্রতিরোধ ও নিরসনের লক্ষ্যে এডভোকেসি করার উদ্দেশ্যে শ্রমিক ও স্থানীয় জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়ন করা; ২) শ্রমিকদের অধিকার ও স্বার্থ রক্ষার উদ্দেশ্যে চামড়া শিল্পের শ্রমিক ইউনিয়নের সক্ষমতা উন্নয়ন করা; ৩) তৈরি পোশাকখাতে জেডারভিত্তিক সহিংসতা ও হয়রানি প্রতিরোধে এডভোকেসি করতে নারী ও অন্যান্য শ্রমিক এবং তাদের ইউনিয়নের সক্ষমতা বৃদ্ধি করা; ৪) তৈরি পোশাক খাতে জেডারভিত্তিক সহিংসতা ও হয়রানি প্রতিরোধে জাতীয় ও আন্তর্জাতিক নীতিমালা ও আইনকানুন অনুযায়ী শ্রমিকদের অধিকার রক্ষায় শ্রমিক ইউনিয়নের সক্ষমতা উন্নয়ন করা;
৯)	সুবিধাভোগী ও লক্ষ্যমাত্রা	: চামড়া শিল্প এবং তৈরি পোশাকখাতে কর্মরত শ্রমিক এবং তাদের বসবাসের এলাকার জনগণ এই প্রকল্পের সুবিধাভোগী। প্রকল্পের আওতায় চামড়া শিল্পে কর্মরত ১,৮৯১জন শ্রমিক/সুবিধাভোগীকে সম্পৃক্ত করে ৫৩টি সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে এবং তৈরি পোশাকখাতে কর্মরত ৫৭০জন শ্রমিক/সুবিধাভোগীকে সম্পৃক্ত করে ২৫টি সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে। লক্ষ্যমাত্রার ৫০% নারী কর্মী হবেন বলে আশা করা হচ্ছে। এই প্রকল্প বাস্তবায়নের ফলে শ্রমিকদের এলাকায় বসবাসরত কমপক্ষে ৫,০০০জন কর্মী, ব্যবস্থাপনা কর্মী এবং অন্যান্য এলাবাসী পরোক্ষভাবে পরিবেশ সুরক্ষা, অধিকার এবং লিঙ্গ সমতা সম্পর্কে সচেতন হবেন।
১০)	টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা	: প্রকল্পটি সরাসরি এসডিজি'র ৩ নং লক্ষ্য যথা- 'সকল বয়সী সকল মানুষের জন্য সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিতকরণ' এর ক্ষেত্রে, ৫ নং লক্ষ্য যথা- 'জেডার সমতা অর্জন এবং সকল নারী ও মেয়েদের ক্ষমতায়ন' অর্জনের ক্ষেত্রে, ৮ নং লক্ষ্য যথা- 'সকলের জন্য পূর্ণাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং শোভন কর্মসুযোগ সৃষ্টি এবং স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন' এবং ১৩ নং লক্ষ্য যথা- 'জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব মোকাবেলায় জরুরি পদক্ষেপ গ্রহণ করা' এ সকল ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। পাশাপাশি প্রকল্পটির সার্বিক কার্যক্রম লক্ষ্যভুক্ত কারখানাগুলোর শ্রমিকদের পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য উন্নয়নে ভূমিকা রাখবে যা এসডিজি'র ৬ নং লক্ষ্য যথা- 'সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিত করা'র ক্ষেত্রে অবদান রাখবে। সার্বিকভাবে প্রকল্পটি তৈরি পোশাক এবং চামড়া শিল্পের কারখানাগুলোর উৎপাদনশীলতা বৃদ্ধি ও শ্রমিকদের আয় বৃদ্ধিতে ভূমিকা রাখবে যা এসডিজি'র ১ নং লক্ষ্য যথা- 'সর্বত্র সব ধরনের দারিদ্র্যের অবসান' অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।